

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৮২(আগরতলা, ১৪।১৮)

ধর্মনগর, ১৪ মার্চ ,২০১৮।

ব্রজেন্দ্রনগর ও পিয়ারাছড়ায় স্বাস্থ্য শিবির

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে ধর্মনগর মহকুমার কদমতলা ব্লকের ব্রজেন্দ্রনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এলাকার পুরানগারদ বাগান ডিসপেনসারিতে গতকাল এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১১১ জন রোগীর চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়েছে। স্বাস্থ্য শিবির পরিদর্শন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা ডাঃ এন ডার্লং ও উত্তর জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ শংকর দাস। এই শিবিরে উপস্থিত ১১১ জন রোগীর মধ্যে ১ জন ডায়ারিয়ার রোগী পাওয়া যায়। এছাড়া, গতকাল ব্রজেন্দ্রনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এলাকার রাণীবাড়ী গ্রাম পঞ্চায়েতের পিয়ারাছড়া চা বাগানের হরিনাছড়ায় স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে ৪০ জন রোগীকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে।

তাছাড়াও গত ৪ঠা মার্চ ব্রজেন্দ্রনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এলাকার টংবাড়ীতে স্বাস্থ্য শিবিরে ২২ জন রোগীকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। ৫ই মার্চ পিয়ারাছড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে অনুষ্ঠিত স্বাস্থ্য শিবিরে ১০১ জনকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। ৬ই মার্চ রাণীবাড়ী চা বাগান এলাকায় ভ্রাম্যমান চিকিৎসক দল ৪৪ জন রোগীকে চিকিৎসা করে ঔষধ দেন। ৭ই মার্চ পিয়ারাছড়া চা বাগানে অনুষ্ঠিত স্বাস্থ্য শিবিরে ১৪ জন রোগীকে চিকিৎসা করে ঔষধ দেওয়া হয়। ৮ই মার্চ পিয়ারাছড়া বাগানের ৫ নম্বরে অনুষ্ঠিত স্বাস্থ্য শিবিরে ৪৩ জন রোগীকে চিকিৎসা করে ঔষধ দেওয়া হয়। ৯ই মার্চ পিয়ারাছড়া চা বাগানের ৮ নম্বরে অনুষ্ঠিত স্বাস্থ্য শিবিরে ২১ জন রোগীকে চিকিৎসা করে ঔষধ দেওয়া হয়। ১০ই মার্চ পিয়ারাছড়া চা বাগানের ডিসপেনসারিতে অনুষ্ঠিত স্বাস্থ্য শিবিরে ১৭ জন রোগীকে চিকিৎসা করে ঔষধ দেওয়া হয়। ১১ মার্চ পিয়ারাছড়া চা বাগান ডিসপেনসারিতে অনুষ্ঠিত স্বাস্থ্য শিবিরে ১৬ জনকে চিকিৎসা করে ঔষধ দেওয়া হয়। এছাড়া ১২ ই মার্চ টংবাড়ীতে অনুষ্ঠিত স্বাস্থ্য শিবিরে ১২ জন রোগীকে চিকিৎসা করে ঔষধ দেওয়া হয়। উত্তর জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ শংকর দাস এই সংবাদ জানান।

ধর্মনগর মহকুমা ম্যাজিস্ট্রেট রাজেশ কুমার দাস গত ১২ই মার্চ ব্রজেন্দ্রনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে ব্রজেন্দ্রনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এলাকার রাণীবাড়ী, পিয়ারাছড়া চা বাগান এলাকা সহ সমগ্র এলাকায় খারাবাহিকভাবে জরুরী ভিত্তিতে স্বাস্থ্য শিবির করতে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসকদের বলেন। এছাড়াও মহকুমা ম্যাজিস্ট্রেট পিয়ারাছড়া বাগানের ম্যানেজার সহ স্থানীয় মানুষের সঙ্গে কথা বলে এলাকার অবস্থা সম্পর্কে খোঁজ খবর নেন।
